

667/Beng(N)

UG/5th Sem/BNGG-DSE-T-1/23

২০২৩

বাংলা

(প্রোগ্রাম)

ডিসিপ্লিন স্পেসিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGG-DSE-T-1

(কাব্যতত্ত্ব, সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা)

(নতুন পাঠক্রম)

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও:

২×১০=২০

ক) “সৌন্দর্য্য অলংকার” - এটি কার উক্তি? ধ্বনিবাদের প্রবক্তা কে?

খ) “করণ রস” কাকে বলে? তার স্থায়ীভাব কী?

গ) অভিনব গুপ্ত কোন শতাব্দীর আলংকারিক? কাব্য নির্মাণ কৌশলের ভাবগুলির নাম লেখো।

ঘ) “ক্লাসিসিজম” এর বাংলা পরিভাষা কী? দুটি বাংলা ক্লাসিক কাব্যের নাম লেখো।

ঙ) কোন গ্রন্থ প্রকাশের সঙ্গে সঙ্গে ইংরাজী সাহিত্যে রোমান্টিক যুগের প্রবর্তন ঘটে?

চ) বাংলা ভাষায় প্রথম সার্থক রোমান্টিক কবি কে? আধুনিক বাংলা সাহিত্যে রোমান্টিসিজমের প্রকাশ প্রথম কোন কাব্যে ঘটে?

ছ) “রিয়ালিজম”-এর দৃষ্টান্ত কি মধ্যযুগের বাংলা সাহিত্যে পাওয়া যায়? সেটা কোথায়-একটি গ্রন্থের নামসহ লেখো।

জ) ‘ন্যাচারালিজম’-এর বাংলা প্রতিশব্দ কী? রবীন্দ্রনাথ ন্যাচারালিজম অর্থে কোন শব্দ ব্যবহার করেছেন?

ঝ) “বিদ্যাপতি ও জয়দেব” প্রবন্ধটির মূল উৎস কী? মূল গ্রন্থের প্রকাশকাল লেখো।

[পরপৃষ্ঠায়]

- এ৩) বঙ্কিমচন্দ্র বাংলার কোন্ কবিকে গীতিকাব্য প্রণেতা বলেছেন? তাঁর রচিত গ্রন্থটির নাম কী?
- ট) রবীন্দ্রনাথের কোন্ কাব্যে প্রথম “রৌদ্রী রাগিণীর দীক্ষা” স্পষ্ট হয়েছে বলে মনে করেছেন প্রাবন্ধিক?
- ঠ) রবীন্দ্রনাথের কাব্য সাহিত্য সম্পর্কে বুদ্ধদেব বসুর মত কী ছিল?
- ড) রবীন্দ্র জীবনদর্শন যা গীতাঞ্জলি পর্বের কবিতায় প্রকাশিত সে সম্পর্কে সাধারণ মানুষের অভিব্যক্তি কেমন?
- ঢ) বাংলা সাহিত্যে নিউ ক্লাসিক যুগের সূত্রপাত কোন্ কবির কোন্ কাব্যের মাধ্যমে হয়েছিল?
- ণ) সাধারণীকরণ বলতে কী বোঝ?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৫×৪=২০
- ক) “যা শ্রেষ্ঠ কাব্য তার প্রকৃতিই হচ্ছে বাচ্যকে ছাড়িয়ে যাওয়া” — সংক্ষেপে আলোচনা করো।
- খ) “বাক্যং রসাত্মক কাব্যং” বলতে কী বোঝো?
- গ) রোমান্টিসিজম ও ক্লাসিসিজম-এর প্রাসঙ্গিক পার্থক্যগুলি উল্লেখ করো।
- ঘ) রিয়ালিজম এর উদ্ভব কোন্ শতকে কোথায় ঘটেছিল? রিয়ালিজমের ক্রমবিকাশ সম্বন্ধে যা জানো লেখো।
- ঙ) রবীন্দ্রকাব্যে “Sense of evil” কি সত্যিই অনুপস্থিত বা অত্যন্ত ক্ষীণ? — উক্তিটির সত্যতা বিচার করো।
- চ) কোন্ কোন্ কবিওয়ালার রচনা গীতিকবিতা হিসাবে অতি সুন্দর বলে মনে করেন প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র? মূল প্রবন্ধ অবলম্বনে সংক্ষেপে আলোচনা করো।
- ৩। যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০
- ক) “কাব্যরসের আধার কাব্যও নয়, কবিও নয়— সহৃদয় কাব্য পাঠকের মন”— আলোচনা করো।
- খ) ন্যাচারালিজম বলতে কী বোঝ? এর বৈশিষ্ট্য সম্পর্কে যা জানো লেখো।
- গ) ‘বঙ্গীয় গীতিকাব্য লেখকদিগকে দুই দলে বিভক্ত করা যাইতে পারে’। ‘বিদ্যাপতি ও জয়দেব’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের মন্তব্যের তাৎপর্য বিশ্লেষণ করো।
- ঘ) রবীন্দ্র কাব্যদর্শন সম্পর্কে প্রাবন্ধিক আবু সয়ীদ আইয়ুবের দৃষ্টিভঙ্গী মূল প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।